# জনাধিকার সুরক্ষা আইন (দ্যা প্রোটেকশন অফ সিভিল রাইটস্ অ্যাক্ট), ১৯৫৫ এর বাস্তবায়ন এবং তপশিলী জাতি ও তপশিলী উপজাতি (নৃশংসতা রোধ) আইন, ১৯৮৯ ও সংশোধিত আইন, ২০১৫ অনুযায়ী তপশিলী জাতি ও তপশিলী উপজাতির উপর নৃশংসতা রোধ বিষয়ক ব্যবস্থাদি



ত্রিপুরা সরকারের তপশিলী উপজাতি
কল্যাণ দপ্তর কর্তৃক জনস্বার্থে প্রচারিত।

## জনাধিকার সুরক্ষা আইন, ১৯৫৫ এর বাস্তবায়ন

**সংবিধানের ১৭ নং ধারায় অস্পৃশ্যতা উচ্ছেদ নাগরিক অধিকার দেওয়া হয়েছে।**
**সংবিধানের ৩৬৬ ধারার ২৪ নং উপধারায় তপশিলী**
**জাতির সংজ্ঞাও নিরুপণ করা হয়েছে।**
**অস্পৃশ্যতা প্রয়োগে যারা উৎসাহী তাদের সম্পর্কে বলা হয়েছে।**

### অস্পৃশ্যতার অজুহাতে কোন ব্যক্তিকে-

ক) দোকান, রেস্তোরাঁ, হোটেল, জনসাধারণের আমোদ-প্রমোদস্থলে প্রবেশে বাধা দেওয়া;
খ) রেস্তোরাঁ, হোটেল বা জনসাধারণের ব্যবহৃত থালা বাসন ব্যবহারে বাধা দেওয়া;
গ) যে কোন পেশা থেকে বঞ্চিত করা;
ঘ) নদী, ঝর্ণা দীঘির জল বা জলের ট্যাপ প্রভৃতি ব্যবহারে বাধা দেওয়া;
ঙ) জনগণের জন্য উন্মুক্ত কোন স্থানে যেতে বাধা দেওয়া;
চ) চ্যারিটেবল ট্রাস্ট প্রদত্ত সুযোগ-সুবিধা গ্রহণে বঞ্চনা;
ছ) জনসাধারণ কর্তৃক ব্যবহৃত যানের সুযোগ গ্রহণে বাধা দেওয়া;
জ) যেকোন জায়গায় বাড়ি তৈরিতে বাধা দেওয়া;
ঝ) কোন ধর্মশালা, সরাইখানা বা মুসাফিরখানা ব্যবহারে বাধা দেওয়া;
ঞ) কোন সামাজিক বা ধর্মীয় অনুষ্ঠান সংগঠিত করতে বাধা দেওয়া;
ট) কোন অলঙ্কার ব্যবহারে বাধা দেওয়া;
ঠ) কোন বিদ্যালয় বা চিকিৎসালয়ে বা প্রাথমিক চিকিৎসা কেন্দ্রে ভর্তিতে বাধা দেওয়া বা বৈষম্যমূলক আচরণ;
ড) কারো কাছে পণ্য বিক্রিতে বিধিনিষেধ আরোপ;
— প্রভৃতি শাস্তিযোগ্য অপরাধ।

**এছাড়াও সংবিধানের ১৭ নং ধারা অনুযায়ী ঃ**

ক) অস্পৃশ্যতার অজুহাতে কোন অধিকার থেকে বঞ্চনা;
খ) অশালীন আচরণ, আঘাত দেওয়া, বিরক্তকরণ, বাধা দেওয়া বা বাধা দিতে চেষ্টা করা বা কোন ব্যক্তিকে একঘরে করে রাখা;
গ) অক্ষর, ভাষা বা লেখা অথবা দৃশ্যমূলক সংকেত প্রভৃতির সাহায্যে কোন ব্যক্তি বা গোষ্ঠীকে অস্পৃশ্য হিসেবে চিহ্নিত করতে প্ররোচিত করা;
ঘ) তপশিলী জাতিকে অস্পৃশ্য হিসাবে অপমান করা বা অপমান করতে উদ্যোগী হওয়া।
— প্রভৃতি শাস্তিযোগ্য অপরাধ।

### এই আইনে আরও রয়েছে

ক) অস্পৃশ্যতার পক্ষে প্রচার করা;
খ) ঐতিহাসিক, দার্শনিক বা ধর্মীয় দৃষ্টিতে অস্পৃশ্যতার পক্ষে সওয়াল করা;
গ) অস্পৃশ্যতার দোহাই দিয়ে কোন ব্যক্তির সম্পত্তি আত্মসাৎ করা;
— প্রভৃতি শাস্তিযোগ্য অপরাধ।

☞ ৬ নং ধারায় যে ব্যক্তি অস্পৃশ্যতা সম্পর্কীয় ঘটনায় দোষী হিসাবে চিহ্নিত হন, তার ব্যবসা সংক্রান্ত বা তদ্‌রুপ যে কোন লাইসেন্স বা অনুমতি পত্র বাতিল করা যাবে।

☞ ১৭ নং ধারায় উল্লেখিত অস্পৃশ্যতার মদতদাতা ব্যক্তি বা গোষ্ঠীকে রাজ্য সরকার গ্যাজেট নোটিফিকেশনের মাধ্যমে যথাবিহিত জরিমানা প্রদানে বাধ্য করতে পারে। তবে এব্যাপারে কোন আপিল থাকলে সেই আপিল মীমাংসা না হওয়া পর্যন্ত জরিমানা আদায় করা যাবেনা।

☞ এধরনের শাস্তি বা জরিমানা ব্যক্তি বিশেষের ক্ষেত্রে যেমন প্রযোজ্য তদ্‌রূপ কোন কোম্পানী বা বাণিজ্যিক সংস্থার পক্ষে প্রযোজ্য।

☞ বিচারগুলি অবশ্য প্রথম শ্রেণির জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের আদালতে সংগঠিত হবে। কেন্দ্রীয় সরকার প্রয়োজনে রাজ্য সরকারের মতানুসারে এ আইন অস্পৃশ্যতার বিরুদ্ধে যথাবিহিত ব্যবস্থা গ্রহণ করতে পারে।

☞ আইন প্রয়োগের জন্য সরকারী অফিসার নিয়োগের ব্যবস্থা রয়েছে।

☞ এই আইনে বিশেষ আদালত গঠনের ব্যবস্থা রয়েছে।

☞ এই আইন সঠিক প্রয়োগের জন্য রাজ্য সরকারের পক্ষে বিশেষ কমিটি গঠন করার সুযোগ রয়েছে।

☞ যে সকল অঞ্চলে লোকজন অস্পৃশ্যতার শিকার হয়ে আছেন সে সকল অঞ্চলগুলি চিহ্নিত করা যেতে পারে।

## তপশিলী জাতি ও তপশিলী উপজাতি (নৃশংসতা রোধ) আইন, ১৯৮৯ ও সংশোধিত আইন, ২০১৫

**তপশিলী জাতি ও তপশিলী উপজাতি (নৃশংসতা.রোধ) আইন ১৯৮৯ (১৯৮৯ এর ৩৩ নং) এর ২৩ নং ধারায় ন্যস্ত ক্ষমতা বলে কেন্দ্রীয় সরকার তপশিলী জাতি ও তপশিলী উপজাতি (নৃশংসতা রোধ) বিধি ১৯৯৫ ও সংশোধিত বিধি, ২০১৬ প্রনয়ণ করেছে---**

তপশিলী জাতি ও তপশিলী উপজাতির উপর নৃশংসতা বন্ধ করার লক্ষ্যে রাজ্য সরকার নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণ করতে পারে।

ক) স্পর্শকাতর অঞ্চল চিহ্নিতকরণ;

খ) স্পর্শকাতর অঞ্চলে আইন শৃঙ্খলা খতিয়ে দেখা;

গ) স্পর্শকাতর অঞ্চলে তপশিলী জাতি ও উপজাতি নয় এমন ব্যক্তিদের আগ্নেয়াস্ত্রের লাইসেন্স বাতিল করা;

ঘ) সকল অবৈধ আগ্নেয়াস্ত্র বাজেয়াপ্ত করা এবং বেআইনীভাবে আগ্নেয়াস্ত্র তৈরীর উপর নিষেধ জারী করা;

ঙ) ব্যক্তি ও সম্পত্তির নিরাপত্ত বিধান। প্রয়োজনে তপশিলী জাতি ও উপজাতিদের অস্ত্র লাইসেন্স প্রদান;

চ) তাছাড়া রাজ্য, জেলা, মহকুমার স্তরে প্রয়োজনে অন্যস্তরেও কমিটি গঠন করে এই আইন বাস্তবায়নে সচেষ্ট থাকা;

ছ) একটি নজরদারি ও উপদেষ্টা কমিটি গঠন করা;

জ) আইন সম্পর্কে সচেতনতা বৃদ্ধিতে সচেতনতা কেন্দ্র গঠন এবং কর্মশালার ব্যবস্থা করা;

ঝ) স্পর্শকাতর এলাকায় আরক্ষা বাহিনী মোতায়েন রাখা;

ঞ) তিন মাস অন্তর আইন শৃঙ্খলা পরিস্থিতি খতিয়ে দেখা;

## তপশিলী জাতি ও তপশিলী উপজাতি সুরক্ষা শাখা গঠন ঃ

- রাজ্য সরকার রাজধানীতে তপশিলী জাতি ও তপশিলী উপজাতিদের জন্য একটি সুরক্ষা শাখা গঠন করবে। এই শাখা নিম্নলিখিত কাজের দায়িত্বে থাকবে।
- চিহ্নিত এলাকায় সমীক্ষা করা।
- চিহ্নিত এলাকায় শান্তি শৃঙ্খলা বজায় রাখা।
- চিহ্নিত এলাকায় বিশেষ পুলিশবাহিনী মোতায়েন এবং পুলিশ চৌকির ব্যবস্থাকরণ।
- তপশিলী জাতি ও তপশিলী উপজাতিভুক্ত লোকদের মধ্যে নিরাপত্তাবোধ জাগাতে ব্যবস্থা গ্রহণ।
- আরক্ষা কর্তৃপক্ষকে ওয়াকিবহাল করা।
- প্রত্যেক মাসে একটি রিপোর্ট মাসের ২০ তারিখের মধ্যে রাজ্য সরকারের সংশ্লিষ্ট আধিকারিকের কাছে জমা দেওয়া।

# ১২ (৪) বিধি অনুযায়ী ত্রাণ কার্যের বিবরণ

| ক্রমিক নং | অপরাধের বিবরণ | ন্যূনতম ত্রাণের পরিমান |
|---|---|---|
| ১.<br>২.<br>৩.<br>৪.<br>৫. | খাওয়ার অযোগ্য অথবা আপত্তিকর পদার্থ মুখে ঢেলে দেওয়া বা জোর করে খাওয়ানো বা পান করানো। (ধারা ৩(১) (a) দ্রষ্টব্য)<br>আপত্তিকর পদার্থ, মলমূত্র, আবর্জনা, পশুর মৃতদেহ ফেলে যাওয়া বা জরো করা। (ধারা ৩(১) (b) দ্রষ্টব্য)<br>অন্যের ক্ষতিসাধন, অপমান অথবা বিরক্ত করার উদ্দেশ্যে মলমূত্র, আবর্জনা এবং পশুর মৃতদেহ ফেলে যাওয়া। (ধারা ৩(১) (c) দ্রষ্টব্য)<br>জুতোর মালা পরানো, অথবা নগ্ন অথবা অর্ধনগ্ন অবস্থায় ঘোরানো। (ধারা ৩(১) (d) দ্রষ্টব্য)<br>জোর করে পরিধেয় বস্ত্র খুলে দেওয়া, মাথা মুন্ডন করা, গোঁফ কেটে দেওয়া, মুখে এবং শরীরে রং লাগিয়ে দেওয়া। (ধারা ৩(১) (e) দ্রষ্টব্য) | পীড়িত ব্যক্তিকে একলক্ষ টাকা নিম্নে বর্ণীত পর্যায়ে প্রদান করা যাবে ঃ—<br>(ক) ক্রমিক নং- ২ এবং ৩-এ বর্ণীত অপরাধের ক্ষেত্রে First Information Report (FIR) এর পর্যায়ে ১০% এবং ক্রমিক নং- ১, ৪ এবং ৫ এ বর্ণীত অপরাধের ক্ষেত্রে First Information Report (FIR) এর পর্যায়ে ২৫% প্রদেয়।<br>(খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) দাখিল করা হলে ৫০%।<br>(গ) অভিযুক্ত ব্যক্তি নিম্ন আদালতে ক্রমিক নং- ২ এবং ৩ -এ বর্ণীত অপরাধে দোষী প্রমাণিত হলে ৪০% এবং ক্রমিক নং- ১, ৪, ৫ -এ বর্ণীত অপরাধে দোষী প্রমানিত হলে ২৫%। |
| ৬.<br>৭. | অন্যায়/ বেআইনীভাবে ভূমি জবর দখল ও চাষ করা। (ধারা ৩(১) (f) দ্রষ্টব্য)<br>অন্যায়ভাবে জমি অথবা ঘর থেকে বেদখল করা অথবা অরন্যের অধিকার বা অন্য অধিকারে হস্তক্ষেপ করা। (ধারা ৩(১) (g) দ্রষ্টব্য) | পীড়িত ব্যক্তিকে এক লক্ষ টাকা প্রদান। দরকারে ভূমি, ঘর, জল সরবরাহ, সেচের সুবিধা, সংশ্লিষ্ট রাজ্য সরকার অথবা কেন্দ্রশাসিত অঞ্চলের কর্তৃপক্ষের খরচে পুনরুদ্ধার করা হবে। পীড়িত ব্যক্তিকে নিম্নে বর্ণীত পর্যায়ে ত্রাণ দেওয়া যাবে ঃ—<br>(ক) First Information Report (FIR) এর পর্যায়ে ২৫%।<br>(খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) পাঠানো হলে ৫০%।<br>(গ) নিম্ন আদালতে অভিযুক্ত ব্যক্তি দোষী প্রমাণিত হলে ২৫%। |
| ৮.<br>৯. | জোর করে ভিক্ষা করানো বা স্বজাতীয় কিছু করানো অথবা ক্রিতদাস বানানো। (ধারা ৩(১) (h) দ্রষ্টব্য)<br>মানুষের অথবা পশুর মৃতদেহ তুলতে | পীড়িত ব্যক্তিকে এক লক্ষ টাকা প্রদান। নিম্নে বর্ণীত পর্যায়ে ক্ষতিপূরণ প্রদান করা হবে ঃ---<br>(ক) First Information Report |

| ক্রমিক নং | অপরাধের বিবরণ | ন্যূনতম ত্রাণের পরিমান |
| --- | --- | --- |
| | অথবা সৎকারে বাধ্য করা অথবা কবর খুঁড়তে বাধ্য করা। (ধারা ৩(১) (i) দ্রষ্টব্য) | (FIR) এর পর্যায়ে ২৫%। (খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) পাঠানো হলে ৫০%। (গ) নিম্ন আদালতে অভিযুক্ত ব্যক্তি দোষী প্রমাণিত হলে ২৫%। |
| ১০. | তপশিলী জাতি এবং উপজাতি কোন ব্যক্তিকে হাত দিয়ে ময়লা পরিস্কার করতে বাধ্য করা বা অনুরূপ কোন কাজে নিযুক্ত করা। (ধারা ৩(১) (j) দ্রষ্টব্য) | |
| ১১. | তপশিলী জাতি অথবা উপজাতি কোন মহিলাকে দেবদাসী হতে প্ররোচনা দেওয়া অথবা ঐ ধরনের কোন রীতিনীতি পালন করা। (ধারা ৩(১) (k) দ্রষ্টব্য) | |
| ১২. | মননোয়নপত্র দাখিলে এবং ভোটদানে বাধা দেওয়া। (ধারা ৩(১) (l) দ্রষ্টব্য) | পীড়িত ব্যক্তিকে পঁচাশি হাজার টাকা প্রদান। নিম্নে বর্ণীত পর্যায়ে ক্ষতিপূরণ প্রদান করা হবে ঃ— (ক) First Information Report (FIR) এর পর্যায়ে ২৫%। (খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) পাঠানো হলে ৫০%। (গ) নিম্ন আদালতে অভিযুক্ত ব্যক্তি দোষী প্রমাণিত হলে ২৫%। |
| ১৩. | পঞ্চায়েত এবং পুরসভার পদাধীকারিদের দায়িত্ব পালনে বাধা দেওয়া, ভীতি প্রদর্শন করা। (ধারা ৩(১) (m) দ্রষ্টব্য) | |
| ১৪. | নির্বাচনত্তোর সন্ত্রাস এবং সামাজিক ও অর্থনৈতিক ভাবে একঘরে করে দেওয়া বা বয়কট করা। (ধারা ৩(১) (n) দ্রষ্টব্য) | |
| ১৫. | অত্র আইনে কোন নির্দিষ্ট প্রার্থীকে ভোট দেওয়া অথবা না দেওয়া। (ধারা ৩(১) (o) দ্রষ্টব্য) | |
| ১৬. | মিথ্যা, অনিষ্ট কামনা প্রসূত হয়রানী করার উদ্দেশ্যে মামলা করা। (ধারা ৩(১) (p) দ্রষ্টব্য) | পীড়িত ব্যক্তিকে পঁচাশি হাজার টাকা প্রদান অথবা মামলার প্রকৃত ব্যয় প্রদান এবং ক্ষতিপূরণ প্রদান। উক্ত প্রদয়ের মধ্যে যাহা নূন্যতম তাই পীড়িত ব্যক্তিকে প্রদান করা হবে। নিম্নে বর্ণীত পর্যায়ে ক্ষতিপূরণ প্রদান করা যাবে ঃ— (ক) First Information Report (FIR) এর পর্যায়ে ২৫%। (খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) পাঠানো হলে ৫০%। (গ) নিম্ন আদালতে অভিযুক্ত ব্যক্তি দোষী প্রমাণিত হলে ২৫%। |

| ক্রমিক নং | অপরাধের বিবরণ | ন্যূনতম ত্রাণের পরিমান |
|---|---|---|
| ১৭. | সরকারি কর্মচারীদের মিথ্যা এবং বিভ্রান্তিকর তথ্য দেওয়া।<br>(ধারা ৩(১) (q) দ্রষ্টব্য) | পীড়িত ব্যক্তিকে এক লক্ষ টাকা প্রদান অথবা মামলা চালানোর প্রকৃত খরচ এবং ক্ষতিপূরণ প্রদান। উক্ত প্রদেয়র মধ্যে যাহা নূন্যতম তাহাই পীড়িত ব্যক্তিকে দেওয়া হবে। নিম্নে বর্ণীত পর্যায়ে ক্ষতিপূরণ প্রদান করা হবে ঃ—<br>(ক) First Information Report (FIR) এর পর্যায়ে ২৫%।<br>(খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) পাঠানো হলে ৫০%।<br>(গ) নিম্ন আদালতে অভিযুক্ত ব্যক্তি দোষী প্রমাণিত হলে ২৫%। |
| ১৮.<br><br><br>১৯.<br><br>২০.<br><br><br>২১.<br><br>২২. | অপদস্ত করার উদ্দেশ্যে জনসমক্ষে অপমান করা অথবা হুমকি দেওয়া।<br>(ধারা ৩(১) (r) দ্রষ্টব্য)<br>জনসমক্ষে জাতির নাম নিয়ে গালাগাল দেওয়া। (ধারা ৩(১) (s) দ্রষ্টব্য)<br>কোন পবিত্র অথবা সন্মানিত বস্তু ধ্বংস করা, ক্ষতিসাধন করা অথবা বিকৃত করা।<br>(ধারা ৩(১) (t) দ্রষ্টব্য)<br>বিদ্বেষ, ঘৃনা অথবা খারাপ কিছু ছড়ানো।<br>(ধারা ৩(১) (u) দ্রষ্টব্য)<br>কথা বা অন্য কোন উপায়ে কোন সম্মানিত মৃত ব্যক্তিকে অসন্মান করা।<br>(ধারা ৩(১) (v) দ্রষ্টব্য) | পীড়িত ব্যক্তিকে এক লক্ষ টাকা প্রদান। নিম্নে বর্ণীত পর্যায়ে ক্ষতিপূরণ প্রদান করা হবে ঃ—<br>(ক) First Information Report (FIR) এর পর্যায়ে ২৫%।<br>(খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) পাঠানো হলে ৫০%।<br>(গ) নিম্ন আদালতে অভিযুক্ত ব্যক্তি দোষী প্রমাণিত হলে ২৫%। |
| ২৩. | কোন তপশীলি জাতি অথবা উপজাতি মহিলাকে তার ইচ্ছার বিরুদ্ধে ইচ্ছাকৃতভাবে ছোঁয়া, যৌন অঙ্গভঙ্গি করা।<br>(ধারা ৩(১) (w) দ্রষ্টব্য) | পীড়িত ব্যক্তিকে দুই লক্ষ টাকা দেওয়া হবে। নিম্নে বর্ণীত পর্যায়ে উক্ত ক্ষতিপূরণ প্রদান করা যাবে ঃ—<br>(ক) First Information Report (FIR) এর পর্যায়ে ২৫%।<br>(খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) প্রেরণকালে ৫০%।<br>(গ) নিম্ন আদালতে অভিযুক্ত ব্যক্তি দোষী প্রমাণিত হলে ২৫%। |

| ক্রমিক নং | অপরাধের বিবরণ | ন্যূনতম ত্রাণের পরিমান |
|---|---|---|
| ২৪. | ভারতীয় ফৌজদারী দণ্ডবিধির ৩২৬ খ ধারা (১৮৬০ এর ৪৫) স্বেচ্ছায় অ্যাসিড ছোড়া বা ছোড়ার চেষ্টা করা।<br>(ধারা ৩(২) (va) দ্রষ্টব্য) | (ক) পীড়িত ব্যক্তির মুখমণ্ডল ২% এর বেশী পুড়ে গেলে এবং নাক, কান, চোখ, মুখের কার্যকরী অংশ বিকৃত হলে অথবা শরীর ৩০% এর বেশি পুড়ে গেলে আট লক্ষ পঁচিশ হাজার টাকা ক্ষতিপূরণ।<br>(খ) পীড়িত ব্যক্তির শরীর ১০% থেকে ৩০% এর মধ্যে পুড়ে গেলে চার লক্ষ পনের হাজার টাকা পীড়িত ব্যক্তিকে দেওয়া যাবে।<br>(গ) পীড়িত ব্যক্তির মুখমণ্ডল ব্যতিত শরীরের অন্যান্য অংশ ১০% এর কম পুড়লে পীড়িত ব্যক্তিকে পঁচাশি হাজার টাকা ক্ষতিপূরণ দেওয়া হবে। উপরন্তু, রাজ্য সরকার এবং কেন্দ্রশাসিত অঞ্চলের প্রশাসনিক কর্তৃপক্ষ এসিড আক্রান্ত ব্যক্তির চিকিৎসার সম্পূর্ণ দায়িত্ব বহন করবে। ক্রমিক নং- (ক) থেকে (গ) এর টাকা নিম্নে বর্ণীত পর্যায়ে দেওয়া যাবে।<br>(ক) First Information Report (FIR) এর পর্যায়ে ৫০%<br>(খ) মেডিকেল রিপোর্ট প্রাপ্তির পর ৫০%। |
| ২৫. | ভারতীয় ফৌজদারী দণ্ডবিধির ৩৫৪ ধারা (১৮৬০ এর ৪৫) শ্লীলতাহানীর উদ্দেশ্যে কোন মহিলাকে আক্রমন করা বা জোর করা।<br>(ধারা ৩(২) (va) দ্রষ্টব্য) | পীড়িত ব্যক্তিকে দুই লক্ষ টাকা প্রদান। উক্ত ক্ষতিপূরণ নিম্নে বর্ণীত পর্যায়ে দেওয়া যাবে ঃ—<br>(ক) First Information Report (FIR) এর পর্যায়ে ৫০%।<br>(খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) প্রেরণকালে ২৫%।<br>(গ) নিম্ন আদালতে বিচার প্রক্রিয়া শেষ হলে ২৫%। |
| ২৬. | ভারতীয় ফৌজদারী দণ্ডবিধির ৩৫৪ ক ধারা (১৮৬০ এর ৪৫) যৌন নিগ্রহ এবং যৌন নিগ্রহের শাস্তি।<br>(ধারা ৩(২) (va) দ্রষ্টব্য) | পীড়িত ব্যক্তিকে দুই লক্ষ টাকা প্রদান। উক্ত ক্ষতিপূরণ নিম্নে বর্ণীত পর্যায়ে দেওয়া যাবে ঃ--<br>(ক) First Information Report (FIR) এর পর্যায়ে ৫০%। |

| ক্রমিক নং | অপরাধের বিবরণ | ন্যূনতম ত্রাণের পরিমান |
|---|---|---|
| | | (খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) প্রেরণকালে ২৫%। (গ) নিম্ন আদালতে বিচার প্রক্রিয়া শেষ হলে ২৫%। |
| ২৭. | ভারতীয় ফৌজদারী দণ্ডবিধির ৩৫৪ খ ধারা (১৮৬০ এর ৪৫) কোন মহিলাকে বিবস্ত্র করার উদ্দেশ্যে আক্রমন করা বা জোর করা। (ধারা ৩(২) (va) দ্রষ্টব্য) | পীড়িত ব্যক্তিকে দুই লক্ষ টাকা প্রদান। উক্ত ক্ষতিপূরণ নিম্নে বর্ণীত পর্যায়ে দেওয়া যাবে ঃ— (ক) First Information Report (FIR) এর পর্যায়ে ৫০%। (খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) প্রেরণকালে ২৫%। (গ) নিম্ন আদালতে বিচার প্রক্রিয়া শেষ হলে ২৫%। |
| ২৮. | ফৌজদারী দণ্ডবিধির ৩৫৪ গ (১৮৬০ এর ৪৫) ঈক্ষনকাম (ধারা ৩(২) (va) দ্রষ্টব্য) | পীড়িত ব্যক্তিকে দুই লক্ষ টাকা প্রদান। উক্ত টাকা নিম্নে বর্ণীত পর্যায়ে দেওয়া যাবে ঃ— (ক) First Information Report (FIR) এর পর্যায়ে ১০%। (খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) প্রেরণকালে ৫০%। (গ) নিম্ন আদালতে অভিযুক্ত ব্যক্তি দোষী প্রমাণিত হলে ৪০%। |
| ২৯. | ভারতীয় ফৌজদারী দণ্ডবিধির ৩৫৪ ঘ ধারা (১৮৬০ এর ৪৫) অনুসরণ করে উত্যক্ত করা। (ধারা ৩(২) (va) দ্রষ্টব্য) | পীড়িত ব্যক্তিকে দুই লক্ষ টাকা ত্রাণ প্রদান। উক্ত টাকা নিম্নে বর্ণীত পর্যায়ে দেওয়া যাবে ঃ— (ক) First Information Report (FIR) এর পর্যায়ে ১০%। (খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) প্রেরণকালে ৫০%। (গ) নিম্ন আদালতে অভিযুক্ত ব্যক্তি দোষী প্রমাণিত হলে ৪০%। |
| ৩০. | ভারতীয় ফৌজদারী দণ্ডবিধির ধারা ৩৭৬ খ (১৮৬০ এর ৪৫) বিচ্ছেদকালীন অবস্থায় স্বামী জোর করে স্ত্রীর সাথে যৌনসঙ্গম করা। (ধারা ৩(২) (va) দ্রষ্টব্য) | পীড়িত ব্যক্তিকে দুই লক্ষ টাকা প্রদান। উক্ত টাকা নিম্নে বর্ণীত পর্যায়ে প্রদান করা যাবে ঃ— (ক) মেডিকেল পরীক্ষা এবং নির্ণায়ক মেডিকেল রিপোর্ট- এর পর ৫০%। |

| ক্রমিক নং | অপরাধের বিবরণ | ন্যূনতম ত্রাণের পরিমান |
| --- | --- | --- |
| | | (খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) প্রেরণকালে ২৫%।<br>(গ) নিম্ন আদালতে অভিযুক্ত ব্যক্তি দোষী প্রমাণিত হলে ২৫%। |
| ৩১. | ফৌজদারী দণ্ডবিধির ধারা ৩৭৬ গ (১৮৬০ এর ৪৫) কোন আধিকারীক পদের অপব্যবহার করে অধস্তন মহিলা কর্মচারীর সঙ্গে জোর করে যৌন সঙ্গমে লিপ্ত হওয়া। (ধারা ৩(২) (va) দ্রষ্টব্য) | পীড়িত ব্যক্তিকে চার লক্ষ টাকা প্রদান। উক্ত টাকা নিম্নে বর্ণীত পর্যায়ে প্রদান করা যাবে ঃ—<br>(ক) মেডিকেল পরীক্ষা এবং নির্ণায়ক মেডিকেল রিপোর্ট- এর পর ৫০%।<br>(খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) প্রেরণকালে ২৫%।<br>(গ) নিম্ন আদালতে বিচার প্রক্রিয়া শেষ হলে ২৫%। |
| ৩২. | ফৌজদারী দণ্ডবিধির ধারা ৫০৯ (১৮৬০ এর ৪৫) ভাষা- ইঙ্গিত বা বে-আইনী কোন কাজের দ্বারা মহিলার সম্ভ্রমহানীর চেষ্টা। (ধারা ৩(২) (va) দ্রষ্টব্য) | পীড়িত ব্যক্তিকে দুই লক্ষ টাকা প্রদান। উক্ত টাকা নিম্নে বর্ণীত পর্যায়ে প্রদান করা যাবে ঃ—<br>(ক) First Information Report (FIR) এর পর্যায়ে ২৫%।<br>(খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) প্রেরণকালে ৫০%।<br>(গ) নিম্ন আদালতে অভিযুক্ত ব্যক্তি দোষী প্রমাণিত হলে ২৫%। |
| ৩৩. | জল দূষিত করা।<br>(ধারা ৩ (১) (x) দ্রষ্টব্য) | সংশ্লিষ্ট রাজ্য সরকার বা কেন্দ্রশাসিত অঞ্চলের কর্তৃপক্ষ কর্তৃক দূষিত জলের পরিশোধন, পুনরুদ্ধার এর সমস্ত ব্যায়ভার বহন করবে। উপরন্তু জনসাধারণের জন্য জেলা কর্তৃপক্ষ স্থানীয় সংস্থার সাথে আলোচনাক্রমে পরিসম্পদ সৃষ্টির উদ্দেশ্যে সংশ্লিষ্ট জেলা শাসককে আট লক্ষ পঁচিশ হাজার টাকা দেওয়া যাবে। |
| ৩৪. | চিরাচরিত/ প্রথাগত অধিকার মূলে সর্বসাধারণের জন্য উম্মুক্ত কোন স্থান বা বিষয়াদি ব্যবহারের ক্ষেত্রে বাধা প্রদান করা বা বিরত রাখা (ধারা ৩(১) (y) দ্রষ্টব্য) | পীড়িতকে চার লক্ষ পঁচিশ হাজার টাকা প্রদান এবং উক্ত অধিকার পুনঃরুদ্ধারের ব্যয়ভার সংশ্লিষ্ট রাজ্য সরকার অথবা কেন্দ্র শাসিত অঞ্চলের কর্তৃপক্ষ বহন করবে।<br>উপরোক্ত টাকা নিম্নে বর্ণীত পর্যায়ে দেওয়া যাবে— |

| ক্রমিক নং | অপরাধের বিবরণ | ন্যূনতম ত্রাণের পরিমান |
| --- | --- | --- |
| | | (ক) First Information Report (FIR) এর পর্যায়ে ২৫%। (খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) প্রেরণকালে ৫০%। (গ) নিম্ন আদালতে অভিযুক্ত ব্যক্তি দোষী প্রমাণিত হলে ২৫%। |
| ৩৫. | ঘর, গ্রাম, বাসস্থান থেকে জোর করে বিতারন করা বা জন বিচ্ছিন্ন করা। (ধারা ৩(১) (Z) দ্রষ্টব্য) | সংশ্লিষ্ট রাজ্য সরকার অথবা কেন্দ্রশাসিত অঞ্চলের কর্তৃপক্ষ উক্ত বাসস্থান বা বাসস্থান, গ্রামে থাকার অধিকার - পূনরূদ্ধার করা এবং পীড়িতকে এক লক্ষ টাকা ত্রাণ প্রদান করা এবং উক্ত ঘর অথবা বাসস্থান, তার পূনঃনির্মানের সমস্ত ব্যয়ভার সরকার কর্তৃক বহন করা। উপরোক্ত টাকা নিম্নে বর্ণীত পর্যায়ে প্রদান করা যাবে। (ক) First Information Report (FIR) এর পর্যায়ে ২৫%। (খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) প্রেরণকালে ৫০%। (গ) নিম্ন আদালতে অভিযুক্ত ব্যক্তি দোষী প্রমাণিত হলে ২৫%। |
| ৩৬. | তপশিলী জাতি এবং উপজাতি ব্যক্তিকে নিম্নক্তো বিষয়ে বাধাদান ক) সর্বসাধারনের সম্পত্তি ব্যবহার, কবর অথবা শ্মশান ব্যবহার, নদী, ছড়া, ঝর্ণা, কুয়া, পুকুর, জলাধার, জলের টেপ অথবা অন্য কোন জলের উৎস, স্নানের ঘাট, সর্বসাধারণের যানবাহন, রাস্তা বা গলির ব্যবহার। (ধারা ৩(১) (za) (A) দ্রষ্টব্য) | (ক) সংশ্লিষ্ট রাজ্য সরকার অথবা কেন্দ্র শাসিত অঞ্চলের কর্তৃপক্ষ কর্তৃক উক্ত সর্বসাধারণের সম্পত্তির ব্যবহারের অধিকার অথবা শ্মশান, কবরখানা ব্যবহারের অধিকার অথবা নদী, ছড়া, ঝর্ণা, কুয়া, পুকুর, জলাধার, জলের টেপ অথবা অন্য কোন জলের উৎস, স্নানের ঘাট, সর্বসাধারনের যানবাহন, রাস্তা বা গলির ব্যবহারের অধিকার পূনরুদ্ধার করা এবং এক লক্ষ টাকা ত্রাণ পীড়িত ব্যক্তিকে দেওয়া। উপরোক্ত টাকা নিম্নে বর্ণীত পর্যায়ে দেওয়া যাবে। |

| ক্রমিক নং | অপরাধের বিবরণ | ন্যূনতম ত্রাণের পরিমান |
|---|---|---|
| | | (ক) First Information Report (FIR) এর পর্যায়ে ২৫%।<br>(খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) প্রেরণকালে ৫০%।<br>(গ) নিম্ন আদালতে অভিযুক্ত দোষী প্রমাণিত হলে ২৫%। |
| | খ) সাইকেলে অথবা মোটর সাইকেল চরা বা চালানো বা জনসমক্ষে জুতো পরা বা নতুন জামা পরা বা বিয়ের শোভাযাত্রা বের করা অথবা উক্ত বিয়ের শোভাযাত্রায় ঘোড়ায় চরা বা গাড়িতে চরা।<br>(ধারা ৩(১) (za)(B) দ্রষ্টব্য) | **(খ)** সংশ্লিষ্ট রাজ্য সরকার অথবা কেন্দ্র শাসিত অঞ্চলের কর্তৃপক্ষ উক্ত সাইকেল অথবা মোটর সাইকেল চরা বা চালানোর এবং জুতো পড়া বা নতুন জামা পরা বা বিয়ের শোভাযাত্রা বের করা অথবা উক্ত বিয়ের শোভাযাত্রায় ঘোড়ায় চরা বা গাড়িতে চরার অধিকার পুনঃরূদ্ধার করবে এবং এক লক্ষ টাকার ত্রাণ পীড়িতকে দেবে। উক্ত টাকা নিম্নে বর্ণীত পর্যায়ে দেওয়া যাবে—<br>(ক) First Information Report (FIR) এর পর্যায়ে ২৫%।<br>(খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) প্রেরণাকালে ৫০%।<br>(গ) নিম্ন আদালতে অভিযুক্ত ব্যক্তি দোষী প্রমাণিত হলে ২৫%। |
| | গ) সর্বসাধারণের জন্য উন্মুক্ত কোন ধর্মীয় প্রার্থনাগৃহে সংশ্লিষ্ট ধর্মপালন বা ধর্মীয়, সামাজিক, সাংস্কৃতিক শোভাযাত্রায় অংশগ্রহণ বা কোন শোভাযাত্রা বের করা।<br>(ধারা ৩(১) (za) (C) দ্রষ্টব্য) | (গ) সংশ্লিষ্ট রাজ্য সরকার বা কেন্দ্র শাসিত অঞ্চলের কর্তৃপক্ষ কর্তৃক উক্ত সর্বসাধারণের জন্য উন্মুক্ত কোন প্রার্থনা গৃহে সংশ্লিষ্ট ধর্মপালন বা ধর্মীয়, সামাজিক, সাংস্কৃতিক শোভাযাত্রায় বা কোন যাত্রায় অংশগ্রহণের অধিকার সমূহের পুনঃরূদ্ধার করে এবং একলক্ষ টাকা ত্রাণ পীড়িতকে প্রদান করা হবে। উক্ত টাকা নিম্নে বর্ণীত পর্যায়ে দেওয়া যাবে—<br>(ক) First Information Report (FIR) এর পর্যায়ে ২৫%।<br>(খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) প্রেরণকালে ৫০%।<br>(গ) নিম্ন আদালতে অভিযুক্ত ব্যক্তি দোষী প্রমাণিত হলে ২৫%। |

| ক্রমিক নং | অপরাধের বিবরণ | ন্যূনতম ত্রাণের পরিমান |
|---|---|---|
| | ঘ) কোন শিক্ষাপ্রতিষ্ঠান, হাসপাতাল, প্রাথমিক চিকিৎসালয়, ঔষধালয়, দোকান বা সর্বসাধারণের প্রেক্ষাগৃহ বা ঐ ধরনের কোন জায়গায় প্রবেশ অথবা জনসমক্ষে সর্বসাধারণের ব্যবহার্য্যে উন্মুক্ত বাসনপত্র বা অন্যকোন সর্বসাধারণের ব্যবহার্য্য বস্তুর ব্যবহার।<br>(ধারা ৩(১) (za) (D) দ্রষ্টব্য) | ঘ) সংশ্লিষ্ট রাজ্য সরকার অথবা কেন্দ্রশাসিত অঞ্চলের কর্তৃপক্ষ কর্তৃক উক্ত শিক্ষাপ্রতিষ্ঠান, হাসপাতাল, প্রাথমিক চিকিৎসালয়, ঔষধালয়, দোকান বা সর্বসাধারণের প্রেক্ষাগৃহ বা ঐ ধরনের কোন জায়গায় প্রবেশাধিকার অথবা জনসমক্ষে সর্বসাধারণের ব্যবহার্য্যে উন্মুক্ত বাসনপত্র বা অন্য কোন সর্বসাধারণের ব্যবহার্য্য বস্তুর ব্যবহারের অধিকার পূনঃরুদ্ধার করা এবং পীড়িতকে এক লক্ষ টাকা ত্রান দেওয়া যাবে। উপরোক্ত টাকা নিম্নে বর্ণীত পর্যায়ে দেওয়া যাবে —<br>(ক) First Information Report (FIR) এর পর্যায়ে ২৫%।<br>(খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) প্রেরণকালে ৫০%।<br>(গ) নিম্ন আদালতে অভিযুক্ত দোষী প্রমাণিত হলে ২৫%। |
| | ঙ) সর্বসাধারণের জন্য উন্মুক্ত কোন পেশায়, ব্যবসা অথবা বাণিজ্য অথবা কোন কাজে রত হওয়া বা চাকুরি করা।<br>(ধারা ৩(১) (za) (E) দ্রষ্টব্য) | ঙ) সংশ্লিষ্ট রাজ্য সরকার এবং কেন্দ্রশাসিত অঞ্চলের কর্তৃপক্ষ সর্বসাধারণের জন্য উন্মুক্ত পেশায়, ব্যবসা অথবা বাণিজ্যেরত হওয়া বা চাকুরি গ্রহণ করার অধিকার পূনঃরুদ্ধার করা এবং পীড়িতকে এক লক্ষ টাকা প্রদান করা। উক্ত টাকা নিম্নে বর্ণীত পর্যায়ে দেওয়া হবে —<br>(ক) First Information Report (FIR) এর পর্যায়ে ২৫%।<br>(খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) প্রেরণকালে ৫০%।<br>(গ) নিম্ন আদালতে অভিযুক্ত ব্যক্তি দোষী প্রমাণিত হলে ২৫%। |
| ৩৭. | ডাইনী হওয়ার অপবাদ দিয়ে অথবা ডাইনীতন্ত্রে রত হওয়ার অভিযোগে শারিরীক ও মানসিক নির্যাতন।<br>(ধারা ৩(১) (zb) দ্রষ্টব্য) | পীড়িতকে এক লক্ষ টাকা ত্রাণ হিসাবে প্রদান এবং সেই সঙ্গে পীড়িতের অপমান, যন্ত্রনা ইত্যাদি নিরসনের মাধ্যমে পূর্বকার অবস্থায় ফিরিয়ে আনা। |

| ক্রমিক নং | অপরাধের বিবরণ | ন্যূনতম ত্রাণের পরিমান |
|---|---|---|
| | | (ক) First Information Report (FIR) এর পর্যায়ে ২৫%।<br>(খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) প্রেরণকালে ৫০%।<br>(গ) নিম্ন আদালতে অভিযুক্ত ব্যক্তি দোষী প্রমাণিত হলে ২৫%। |
| ৩৮. | সামাজিক এবং অর্থনৈতিকভাবে একঘরে করা বা একঘরে করার ভয় দেখানো।<br>(ধারা ৩(১) (ZC) দ্রষ্টব্য) | সংশ্লিষ্ট রাজ্য সরকার অথবা কেন্দ্র শাসিত অঞ্চলের কর্তৃপক্ষ উক্ত সামাজিক এবং অর্থনৈতিক সুবিধা পুনঃরুদ্ধার করা এবং এক লক্ষ টাকা পীড়িতকে প্রদান করা। উক্ত সম্পূর্ণ টাকা নিম্ন আদালতে অভিযোগ পত্র (Charge Sheet) প্রেরণকালে প্রদান করা। |
| ৩৯. | মিথ্যা সাক্ষ্য প্রদান<br>(ধারা ৩(২) (i) এবং (ii) দ্রষ্টব্য) | পীড়িত ব্যক্তিকে চার লক্ষ টাকা প্রদান। উপরোক্ত টাকা নিম্নে বর্ণীত পর্যায়ে প্রদান করা যাবে—<br>(ক) First Information Report (FIR) এর পর্যায়ে ২৫%।<br>(খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) প্রেরণকালে ৫০%।<br>(গ) নিম্ন আদালতে অভিযুক্ত ব্যক্তি দোষী প্রমাণিত হলে ২৫%। |
| ৪০. | ভারতীয় দণ্ডবিধির (১৮৬০ এর ৪৫) ধারা অনুযায়ী দশ বছর বা তার অধিক কারাবাসের শাস্তিযোগ্য অপরাধ সংঘটন করা<br>(ধারা ৩(২) দ্রষ্টব্য) | পীড়িতকে অথবা তার পরিজনকে চার লক্ষ টাকা প্রদান। অত্র অনুসূচীতে অন্য কোন ধরনের ক্ষতিপূরণের উল্লেখ থাকলে উক্ত ক্ষতিপূরণের টাকার পরিমাণ পরিবর্তীত হবে। উক্ত টাকা নিম্নে বর্ণীত পর্যায়ে দেওয়া যাবে—<br>(ক) First Information Report (FIR) এর পর্যায়ে ২৫%।<br>(খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) প্রেরণকালে ৫০%।<br>(গ) নিম্ন আদালতে অভিযুক্ত ব্যক্তি দোষী প্রমাণিত হলে ২৫%। |
| ৪১. | ভারতীয় দন্ডবিধির (১৮৬০ এর ৪৫) তপশীল তালিকাভুক্ত, ভারতীয় দণ্ডবিধিতে | পীড়িতকে বা তার পরিজনদের দুই লক্ষ টাকা প্রদান। অত্র অনুসূচীতে অন্য কোন ধরনের |

| ক্রমিক নং | অপরাধের বিবরণ | ন্যূনতম ত্রাণের পরিমান |
|---|---|---|
| | নির্দিষ্ট অপরাধ সংঘটিত করা যাহা ভারতীয় দণ্ডবিধিতে শাস্তিযোগ্য।<br>(ধারা ৩(১) (va) দ্রষ্টব্য) | ক্ষতিপূরণের উল্লেখ থাকলে উক্ত ত্রাণের টাকার পরিমাণ পরিবর্তীত হবে।<br>উক্ত টাকা নিম্নে বর্ণীত পর্যায়ে দেওয়া যাবে—<br>(ক) First Information Report (FIR) এর পর্যায়ে ২৫%।<br>(খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) প্রেরণকালে ৫০%।<br>(গ) নিম্ন আদালতে অভিযুক্ত ব্যক্তি দোষী প্রমাণিত হলে ২৫%। |
| ৪২. | সরকারী আধিকারীকের হাতে শোষিত বা নিপীড়িত হওয়া।<br>(ধারা ৩(১) (vii) দ্রষ্টব্য) | পীড়িতকে বা তার পরিজনদের দুই লক্ষ টাকা প্রদান।<br>উক্ত টাকা নিম্নে বর্ণীত পর্যায়ে দেওয়া যাবে—<br>(ক) First Information Report (FIR) এর পর্যায়ে ২৫%।<br>(খ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) প্রেরণকালে ৫০%।<br>(গ) নিম্ন আদালতে অভিযুক্ত ব্যক্তি দোষী প্রমাণিত হলে ২৫%। |
| ৪৩. | শারিরীক পঙ্গুত্ত বা অক্ষমতা। সামাজিক ন্যায়বিচার এবং ক্ষমতায়ন মন্ত্রকের বিজ্ঞপ্তি নং ১৬-১৮/৯৭-NI, তাং ১ জুন, ২০০১ এর মূলে বিভিন্ন প্রকারের পঙ্গুত্তের মূল্যায়ন নির্ধারণ পদ্ধতি এবং প্রমানপত্র প্রদানের পদ্ধতির নীতিনির্দেশিকা।<br>ক) ১০০ শতাংশ অক্ষমতা। | ক) পীড়িতকে আট লক্ষ পঁচিশ হাজার টাকা প্রদান।<br>উক্ত টাকা নিম্নে বর্ণীত পর্যায়ে দেওয়া যাবে—<br>(অ) মেডিকেল পরীক্ষা এবং নির্ণায়ক মেডিকেল রিপোর্ট-এর পর ৫০%।<br>(আ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) প্রেরণকালে ৫০%। |
| | খ) অক্ষমতা বা পঙ্গুত্ত ১০০ শতাংশের নিচে এবং ৫০ শতাংশের উপরে হলে | খ) পীড়িতকে চার লক্ষ পঞ্চাশ হাজার টাকা প্রদান।<br>উক্ত টাকা নিম্নে বর্ণীত পর্যায়ে দেওয়া যাবে— |

| ক্রমিক নং | অপরাধের বিবরণ | ন্যূনতম ত্রাণের পরিমান |
|---|---|---|
| | | (অ) মেডিকেল পরীক্ষা এবং নির্ণায়ক মেডিকেল রিপোর্ট-এর পর ৫০%।<br>(আ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) প্রেরণকালে ৫০%। |
| | গ) অক্ষমতা বা পঙ্গুত্ব ৫০ শতাংশ এর নিচে হলে। | গ) পীড়িতকে দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা প্রদান।<br>উক্ত টাকা নিম্নে বর্ণীত পর্যায়ে দেওয়া হবে—<br>(অ) মেডিকেল পরীক্ষা এবং নির্ণায়ক মেডিকেল রিপোর্ট-এর পর ৫০%।<br>(আ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) প্রেরণকালে ৫০%। |
| ৪৪. | ধর্ষণ বা গণধর্ষণ<br>ক) ধর্ষণ [ভারতীয় দণ্ডবিধির ৩৭৫ ধারা মূলে (১৮৬০ এর ৪৫)] | ক) পীড়িতকে পাঁচ লক্ষ টাকা প্রদান।<br>উক্ত টাকা নিম্নে বর্ণীত পর্যায়ে দেওয়া যাবে—<br>(অ) মেডিকেল পরীক্ষা এবং নির্ণায়ক মেডিকেল রিপোর্ট-এর পর ৫০%।<br>(আ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) প্রেরণকালে ২৫%।<br>(ই) নিম্ন আদালতে অভিযুক্ত ব্যক্তি দোষী প্রমাণিত হলে ২৫%। |
| | খ) গণধর্ষণ [ভারতীয় দণ্ডবিধির ৩৭৬ ঘ ধারা মূলে (১৮৬০ এর ৪৫)] | খ) পীড়িতকে আট লক্ষ পঁচিশ হাজার টাকা প্রদান।<br>উক্ত টাকা নিম্নে বর্ণীত পর্যায়ে দেওয়া যাবে—<br>(অ) মেডিকেল পরীক্ষা এবং নির্ণায়ক মেডিকেল রিপোর্ট-এর পর ৫০%।<br>(আ) আদালতে অভিযোগপত্র (Charge Sheet) প্রেরণকালে ২৫%।<br>(ই) নিম্ন আদালতে অভিযুক্ত ব্যক্তি দোষী প্রমাণিত হলে ২৫%। |
| ৪৫. | হত্যা অথবা মৃত্যু | পীড়িতকে আট লক্ষ পঁচিশ হাজার টাকা প্রদান।<br>উক্ত টাকা নিম্নে বর্ণীত পর্যায়ে দেওয়া যাবে—<br>(ক) মৃতদেহের ময়নাতদন্তের পর ৫০%।<br>(খ) আদালতে অভিযোগপত্র প্রেরণকালে ৫০%। |

| ক্রমিক নং | অপরাধের বিবরণ | ন্যূনতম ত্রাণের পরিমান |
|---|---|---|
| ৪৬. | হত্যা, মৃত্যু, নির্বিচারে হত্যা, ধর্ষণ, গণধর্ষণ, স্থায়ী পঙ্গুত্ত এবং ডাকাতির ক্ষেত্রে পীড়িতকে অতিরিক্ত ত্রাণ/ ক্ষতিপূরণ প্রদান। | উপরোক্ত ত্রাণ ছাড়াও নিম্নে বর্ণীত অতিরিক্ত ক্ষতিপূরণ ঘটনার তিনমাসের মধ্যে দিতে হবে—<br>ক) বিধবাকে অথবা মৃতব্যক্তির উপর নির্ভরশীল তপশিলী জাতি এবং উপজাতি পরিজনদের সংশ্লিষ্ট রাজ্য সরকার এবং কেন্দ্র শাসিত অঞ্চলের কর্মচারিদের ক্ষেত্রে প্রযোজ্য মৌলিক পেনশন পাঁচ হাজার টাকা এবং মহার্ঘ্য ভাতা প্রদান করা হবে এবং মৃত ব্যক্তির পরিবারের একজন সদস্যকে চাকুরী প্রদান এবং দরকারে চাষযোগ্য ভূমি এবং বাড়ি কিনে মৃত ব্যক্তির পরিবারের সদস্যকে প্রদান।<br>খ) পীড়িত ব্যক্তির সন্তানদের স্নাতক শ্রেণী পর্যন্ত পড়াশুনার পূর্ণ খরচ এবং যাবতীয় ভরণপোষণের ব্যয়ভার সরকার বহন করবে। সন্তানদের কোন আশ্রমে বা আবাসিক স্কুলে ভর্ত্তি করা এবং তার যাবতীয় ব্যায়ভার সরকার বহন করবে।<br>গ) তিনমাসের জন্য বাসনপত্র, চাল, গম, ডাল ইত্যাদির ব্যবস্থা সরকার করবে। |
| ৪৭. | ঘর সম্পূর্ণ ধ্বংস বা পুড়ে গেলে। | যে ঘরটি সম্পূর্ণ ধ্বংস বা পুড়ে গেলো তাহা ইট বা পাথর দিয়ে সম্পূর্ণ সরকারি খরচে নির্মাণ করে দেওয়া বা প্রদান করা। |

# অস্পৃশ্যতা ও নৃশংসতা প্রতিরোধে সবাই এগিয়ে আসুন





জনাধিকার সুরক্ষা আইন (দ্যা প্রোটেকশন অফ সিভিল রাইটস্ অ্যাক্ট), ১৯৫৫ এর বাস্তবায়ন এবং তপশিলী জাতি ও তপশিলী উপজাতি (নৃশংসতা রোধ) আইন, ১৯৮৯ ও সংশোধিত আইন, ২০১৫ অনুযায়ী তপশিলী জাতি ও তপশিলী উপজাতির উপর নৃশংসতা রোধে যথাযথ পদক্ষেপ গ্রহনে প্রশাসনকে সহযোগিতা করুন।

**ত্রিপুরা সরকারের তপশিলী উপজাতি কল্যাণ দপ্তর কর্তৃক জনস্বার্থে প্রচারিত।**